২. ব্যবসায়ের স্বাধীন সত্তা বলতে কী বোঝায়? ★★★

৩. সীমিত অংশীদারি ব্যবসায় বলতে কী বোঝায়? ★★★

৪. অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বলতে কী বোঝায়? ★★★

৫. সাধারণ অংশীদার বলতে কী বোঝায়? ★★★

৬. অংশীদারি ব্যবসায়ে চূড়ান্ত সদ্বিশ্বাস বলতে কী বোঝায়? ★★

৭. একমালিকানা ব্যবসায়ের আয়তন ছোট হয় কেন? ★★★

৮. একমালিকানা সংগঠনকে ব্যবসায় জগতের মুরব্বি বলা হয় কেন? ★★

PARTHIB BOOKS

# পঞ্চম অধ্যায়

# ব্যবসায়ের আইনগত দিক

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **ফ্রানসাইজিং ব্যবসায়ের উপকারিতা কোনটি?** [সকল বোর্ড ২০১৫] ★★★

ⓚ প্রচুর মুনাফা ⓚ অধিক বিনিয়োগ

● মানসম্মত পণ্য বিক্রয় ⓖ কঠোর তদারকি

২. **ফ্রানসাইজিং–এ নিচের কোনটি অন্তর্ভুক্ত?** [ঢাকা বোর্ড ২০২০; রাজশাহী বোর্ড ২০২০; চট্টগ্রাম বোর্ড ২০২০; বরিশাল বোর্ড ২০২০; যশোর বোর্ড ২০২০; ময়মনসিংহ বোর্ড ২০২০; সিলেট বোর্ড ২০২০; দিনাজপুর বোর্ড ২০২০; কুমিল্লা বোর্ড ২০২০] ★★★

ⓚ JPC ⓚ PVC

● KFC ⓖ KSP

৩. **ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য কয়টি?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা] ★★

● তিনটি ⓚ সাতটি

ⓖ নয়টি ⓖ এগারোটি

৪. **ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী?** [নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী] ★★

ⓚ ব্রান্ডেড পণ্য ⓚ পণ্যের স্বীকৃত মান

● অর্থ উপার্জন ⓖ পুঁজি সরবরাহ

৫. **সকল ব্যবসায় দেশের প্রচলিত আইন দ্বারা কী হতে হয়?** [রংপুর জিলা স্কুল, রংপুর] ★★

ⓚ শুধু স্বীকৃত ⓚ শুধু বৈধ

● স্বীকৃত ও বৈধ ⓖ আইনের দরকার হয় না

৬. **মুনাফা অর্জনের জন্য ব্যবসায় করার অধিকার আছে কার?** ★★★

ⓚ যুবকদের ⓚ ব্যবসায়ীদের

ⓖ বেকারদের ● সকলের

৭. **কোন কারণে বইয়ের বিক্রয় আকস্মিকভাবে কমে যেতে পারে?** [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

ⓚ বইয়ের অপর্যাপ্ততা ⓚ প্রচারের অভাব

ⓖ চাহিদার অভাব ● নকল বইয়ের উপস্থিতি

৮. **পৌর এলাকায় একমালিকানা ব্যবসায়ের ক্ষেত্রে কোথা থেকে ট্রেড লাইসেন্স নিতে হয়?** ★★★

ⓚ ইউনিয়ন পরিষদ ● পৌর কর্তৃপক্ষ

ⓖ উপজেলা প্রশাসন ⓖ জেলা প্রশাসন

৯. **বাংলাদেশে মেধাসম্পদ দিবস কত তারিখে পালিত হয়?** ★★★

PARTHIB BOOKS

ⓚ ২৬ মে ● ২৮ এপ্রিল
ⓖ ২৭ এপ্রিল ⓖh ২৬ এপ্রিল

১০. **মানুষ ব্যবসায় করে কেন?** [রংপুর জিলা স্কুল, রংপুর] ★★
ⓚ সুনাম বৃদ্ধির জন্য ● জীবিকা অর্জনের জন্য
ⓖ ক্ষমতা লাভের জন্য ⓖh ঝুঁকি গ্রহণের জন্য

১১. **পৌর এলাকার বাইরে একমালিকানা ব্যবসায় গঠন করতে কোথা থেকে ট্রেড লাইসেন্স নিতে হয়?** ★★★
ⓚ বিসিক শিল্প নগরী ⓚh ইউনিয়ন পরিষদ
● জেলা প্রশাসন ⓖh পৌরসভা

১২. **একমালিকানা ব্যবসায়ের ক্ষেত্রে কোনটি সংগ্রহ করতে হয়?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা] ★★★
ⓚ অনুমতিপত্র ● ট্রেড লাইসেন্স
ⓖ আমদানি লাইসেন্স ⓖh রপ্তানি লাইসেন্স

১৩. **বাংলাদেশে কোন ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক নয়?** ★★★
ⓚ রাষ্ট্রীয় ● অংশীদারি
ⓖ কোম্পানি ⓖh সমবায়

১৪. **বাংলাদেশে অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন কেমন?** [নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী]
ⓚ আইন নিয়ন্ত্রিত ⓚh প্রয়োজন নেই
ⓖ বাধ্যতামূলক ● বাধ্যতামূলক নয়

১৫. **বিমা কী হিসেবে গণ্য?** ★★★
ⓚ ঝুঁকি ⓚh ক্ষতি
● ব্যবসায় ⓖh চাকরি

১৬. **যে চুক্তির মাধ্যমে প্রিমিয়ামের বিনিময়ে ঝুঁকি স্থানান্তর করা হয় তাকে কী বলে?**
ⓚ ব্যবসায় ⓚh চাকরি
● বিমা ⓖh ঝুঁকি স্থানান্তর

১৭. **বুদ্ধিবৃত্তিক সম্পদ সংরক্ষণের জন্য প্রয়োজন কোনটি?** ★★★
● আইনগত বিধি–বিধান ⓚh বিমা
ⓖ ফ্রানসাইজ চুক্তি ⓖh শিল্পনীতি

১৮. **কোম্পানি নিবন্ধকের ভূমিকা পালন করেন কে?** ★★★
ⓚ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন
● রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানি
ⓖ জেলা প্রশাসক
ⓖh বিভাগীয় কমিশনার

১৯. **কোনটি পাওয়ার পর কোম্পানি জন্ম লাভ করে?** ★★★

PARTHIB BOOKS

ⓚ স্মারকলিপি ⓦ পরিমেল নিয়মাবলি
● নিবন্ধনপত্র ⓘ শেয়ারের অর্থ

**২০. অংশীদারি ব্যবসায় নিবন্ধনের জন্য আবেদনের সাথে নির্দিষ্ট হারে কী দিতে হয়?**
ⓚ মূলধন ● ফি
ⓖ মুনাফা ⓘ ঋণ

**২১. কোন আইন অনুসারে বাংলাদেশে যৌথ মূলধনী ব্যবসায়ের নিবন্ধন বাধ্যতামূলক?**
ⓚ একমালিকানা আইন ⓦ অংশীদারি আইন
● কোম্পানি আইন ⓘ প্রচলিত আইন

**২২. কে নিবন্ধনপত্র ইস্যু করেন?** ★★★
ⓚ কোম্পানির সচিব ● নিবন্ধক
ⓖ পৌর কর্তৃপক্ষ ⓘ থানা কর্তৃপক্ষ

**২৩. কারা কোম্পানি নিবন্ধনের জন্য কোম্পানি আইন অনুসারে প্রয়োজনীয় ফি ও দলিলাদি প্রদান করে আবেদন করেন?** ★★★
● প্রবর্তকগণ ⓦ পরিচালকগণ
ⓖ শেয়ার হোল্ডারগণ ⓘ কর্মকর্তাগণ

**২৪. প্রাইভেট লি. কোম্পানির নিবন্ধনের আবেদন করতে ন্যূনতম কতজন প্রবর্তকের প্রয়োজন?** ★★
● দুই জন ⓦ তিন জন
ⓖ চার জন ⓘ সাত জন

**২৫. বর্তমানে কোন পদ্ধতিতে ব্যবসায় স্থাপন ও পরিচালনা জনপ্রিয় হয়ে উঠছে?** ★★
ⓚ মুনসাইজিং ● ফ্রানসাইজিং
ⓖ সানসাইজিং ⓘ কোম্পানি

**২৬. বর্তমানে বাংলাদেশে চালু ট্রেডমার্ক আইনটি কত সালের?** ★★★
ⓚ ১৯৪০ ⓦ ১৯৯৯
● ২০০৯ ⓘ ২০১১

**২৭. নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান হচ্ছে–** ★★★
ⓚ BTSI ⓦ DCCI
● BSTI ⓘ FBCCI

**২৮. পিজ্জাহাট কোন ধরনের ব্যবসায়?** ★★★
ⓚ একমালিকানা ⓦ অংশীদারি
ⓖ যৌথ মূলধনী ● ফ্রানসাইজিং

**২৯. ফ্রানসাইজিং ব্যবসায়ে কয়টি পক্ষ থাকে?** ★★★
● দুইটি ⓦ তিনটি
ⓖ চারটি ⓘ পাঁচটি

PARTHIB BOOKS

**৩০. কোনো পণ্যকে অন্যের অনুরূপ হতে স্বতন্ত্র করার লক্ষ্যে ব্যবহৃত প্রতীককে কী বলে?**

● ট্রেডমার্ক | ⓖ সার্ভিস মার্ক
ⓖ পেটেন্ট | ⓖ কপিরাইট

**৩১. সেবার ক্ষেত্রে অন্যের অনুরূপ সেবা থেকে স্বতন্ত্র করার লক্ষ্যে ব্যবহৃত প্রতীককে কী বলে?** ★★★

ⓚ ট্রেডমার্ক | ● সার্ভিস মার্ক
ⓖ পেটেন্ট | ⓖ কপিরাইট

**৩২. অন্যের নামে বরাদ্দকৃত প্রতীক কোনো ব্যক্তি ব্যবহার করতে চাইলে কার অনুমতি প্রয়োজন?** ★★★

ⓚ রেজিস্টারের | ⓖ প্রশাসনের
● রেজিস্ট্রার্ড মালিকের | ⓖ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের

**৩৩. ট্রেডমার্ক রেজিস্ট্রেশন দেওয়া হয় কত বছরের জন্য?** ★★★

ⓚ পাঁচ বছর | ● সাত বছর
ⓖ নয় বছর | ⓖ এগারো বছর

**৩৪. পতীকের মূল বিষয় কী?** ★★★

ⓚ পণ্যকে চেনা | ● পণ্যের স্বাতন্ত্র্যতা
ⓖ পণ্যের সামঞ্জস্যতা | ⓖ পণ্যের প্রচার

**৩৫. মেয়াদ উত্তীর্ণের আগে আবেদন করলে ট্রেডমার্ক কয় বছরের জন্য নবায়ন করা যায়?**

ⓚ ৩ বছর | ⓖ ৫ বছর
ⓖ ৭ বছর | ● ১০ বছর

**৩৬. উপমহাদেশে কত সালে ট্রেডমার্কস আইন প্রণয়ন করা হয়?** ★★★

ⓚ ১৯৪৫ সালে | ● ১৯৪০ সালে
ⓖ ১৯৩৫ সালে | ⓖ ১৯৩০ সালে

**৩৭. কপিরাইট কী ধরনের গুরুত্বপূর্ণ সম্পদ?** ★★★

● বুদ্ধিবৃত্তিক | ⓖ শক্তিভিত্তিক
ⓖ জাতীয় সম্পদ | ⓖ আইনগত সম্পদ

**৩৮. নিচের কোনটি কপিরাইট চুক্তির মাধ্যমে বিপণন করা যায় না?** ★★★

ⓚ ব্যান্ডের পণ্য | ⓖ খেলার নাম
ⓖ তারকাদের নাম | ● রঙ

**৩৯. উপমহাদেশে কত সালে প্রথম কপিরাইট আইন প্রণীত হয়?** ★★★

ⓚ ১৯১১ | ● ১৯১২
ⓖ ১৯১৩ | ⓖ ১৯১৪

**৪০. বাধ্যতামূলক সার্টিফিকেটের আওতাধীন পণ্যের তালিকা সংরক্ষণ করার দায়িত্ব কোন প্রতিষ্ঠানের?** ★★★

PARTHIB BOOKS

ক বেসিক ● বিএসপিআই
গ বিটাক ঘ বিসিক

৪১. উৎপাদিত পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য কোন প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা করে থাকে? ★★★
ক বিটাক ● বিএসটিআই
গ বেসিক ঘ বিসিক

৪২. কি ছাড়া ব্যবসায় হয় না? ★★★
ক মুনাফা খ দক্ষ শ্রমিক
● ঝুঁকি ঘ অধিক বিনিয়োগ

৪৩. কোনটি ঝুঁকি সংক্রান্ত বাধা দূর করে? ★★★
ক পরিবহন খ বিজ্ঞাপন
গ ব্যাংকিং ● বিমা

৪৪. বিমা এক প্রকার কী? ★★★
● ব্যবসায় খ চুক্তি
গ ঝুঁকি ঘ দলিল

৪৫. বিমাগ্রহীতা বিমাকারীকে কী প্রদান করে? ★★★
● প্রিমিয়াম খ সুদ
খ মুনাফা ঘ ব্যবসায়িক মুনাফা

৪৬. বিমাকে কীসের চুক্তি বলা হয়? ★★★
ক মুনাফা খ ক্ষতি
● ঝুঁকি ঘ অর্থ

৪৭. কোনটি বিমা চুক্তির অপরিহার্য শর্ত? ★★★
● বিমাযোগ্য স্বার্থ খ নিরাপত্তা
গ সম্পদ রক্ষা ঘ সম্ভাব্য ঘটনা উলেখ

৪৮. ফ্রানসাইজিং-এর বৈশিষ্ট্য হলো— ★★★
i. ফ্রানসাইজি ও ফ্রানসাইজরের মধ্যে চুক্তি
ii. ব্রান্ডেড পণ্য বা সেবা
iii. ফ্রানসাইজার কর্তৃক পণ্যের স্বীকৃত মান যাচাই
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেটি পড়ে প্রশ্নের উত্তর দাও :**

চলচ্চিত্রকার আমজাদ হোসেন তার একটি চলচ্চিত্র প্রদর্শনের জন্য দেশের বিভিন্ন সিনেমা হলের মালিকদের সাথে একটি চুক্তি করে সিনেমা প্রদর্শন করে বেশ লাভবান হন।

PARTHIB BOOKS

৪৯. **চলচ্চিত্রকার আমজাদ হোসেন কোন ধরনের চুক্তি করেন?** ★★★

ক পেটেন্ট
খ ট্রেডমার্ক
● কপিরাইট
ঘ ব্যবসায়িক

৫০. **আমজাদ হোসেনের চুক্তি—** ★★★

i. ব্যবসায়ে সাফল্য আনয়নে সহায়তা করে
ii. ব্যবসায়ে জনপ্রিয়তা অর্জনে সহায়তা করে
iii. অন্য কেউ এর দ্বারা ক্ষতিগ্রস্ত হলে প্রতিকার পেতে সহায়তা করে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii
● i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** 'সৃজনী' মানসম্পন্ন পণ্য সরবরাহ করে দেশের সর্বত্র ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। কোম্পানিটি সরকারের সাথে এমন একটি চুক্তি করেছে যার ফলে কোম্পানিটি বছরের পর বছর একচেটিয়া ব্যবসায় করে যাচ্ছে। কোম্পানিটির পণ্য সহজেই চেনার উপায় হিসেবে প্রতিটি পণ্যের মোড়কের গায়ে ইংরেজি অক্ষর 'S' ব্যবহার করা হয়। [সকল বোর্ড ২০১৬] ★★★

ক. পণ্যের মান নির্ধারণে সার্টিফিকেট প্রদান করে কোন প্রতিষ্ঠান?

খ. সবচেয়ে জনপ্রিয় বিমা কোনটি? ব্যাখ্যা কর।

গ. কোন ধরনের চুক্তির ফলে 'সৃজনী' একচেটিয়া ব্যবসায় করছে? বর্ণনা কর।

ঘ. 'সৃজনী'-র তৈরি পণ্যের গায়ে 'S' অক্ষর দ্বারা ব্যবসায়িক স্বার্থ সুরক্ষা হয়'- যুক্তি দাও।

**প্রশ্ন ২** ইঞ্জিনিয়ারিং পড়ুয়া সুমন বিজ্ঞান মেলা থেকে একটি ল্যাপটপ ক্রয় করলেন। ল্যাপটপ নিয়ে সুমন বিশ্ববিদ্যালয়ের ক্লাসে যাওয়ার পর তার বন্ধুরা দেখল তার ল্যাপটপের উপর একটি চিহ্ন এবং কোম্পানির নাম লেখা ছিল। এগুলো দেখে সুমন এবং তার বন্ধুরা বুঝতে পারল চিহ্নটিই পণ্যটিকে অন্য পণ্য হতে স্বতন্ত্র করেছে। এরূপ ল্যাপটপের প্রচুর চাহিদা থাকায় 'X' কোং ও একই চিহ্ন ব্যবহার করলে প্রকৃত উৎপাদনকারী প্রতিষ্ঠান 'X' কোং এর বিরুদ্ধে মামলা দায়ের করে ক্ষতিপূরণ আদায় করেন। [সকল বোর্ড ২০১৫] ★★★

ক. সমবায়ের শাব্দিক অর্থ কী?

খ. রাষ্ট্রীয় ব্যবসায় কাকে বলে? ব্যাখ্যা কর।

PARTHIB BOOKS

গ. ল্যাপটপে ব্যবহৃত চিহ্নটির বর্ণনা দাও।

ঘ'X' কোং উদ্দীপকে একই চিহ্ন ব্যবহার করায় ক্ষতিপূরণ দিতে বাধ্য হলেন কেন? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৩** জুনার সাইফ ঢাকা হতে লঞ্চযোগে ভোলায় পণ্য নিয়ে এসে স্থানীয় বাজারে বিক্রয় করেন। হঠাৎ একদিন সন্ধ্যায় ঘূর্ণিঝড়ের কবলে পড়ে একটি লঞ্চ ডুবে যায়। ফলে জনাব সাইফ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন । কিন্তু পূর্বেই 'P' নামক একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তি থাকায় আর্থিক সাহায্য পান। পরবর্তীতে সাইফ স্থানীয় বাজারে 'Q' নামক একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। যা ভোগ্যপণ্য উৎপাদন করে বিক্রয় করে। একদিন 'X' নামক একটি প্রতিষ্ঠান 'Q' নামক প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মান যাচাই করে এবং গুণগত মানসম্পন্ন না হওয়ায় জরিমানা করে। ভবিষ্যতে যদি এ ধরনের পণ্য উৎপাদন করে তাহলে প্রতিষ্ঠানটির উৎপাদন চিরতরে বন্ধ করে দেবে বলে সতর্ক করে। [কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর বোর্ড ২০১৯] ★★★

ক. ফ্রানসাইজিং কী?

খ. ট্রেডমার্ক কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা কর।

গ. জনাব সাইফ কোন চুক্তির ফলে আর্থিক ক্ষতিপূরণ পেয়েছিলেন? বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের 'X' নামক প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন কর।

**প্রশ্ন ৪** বিবিএ পড়ুয়া শাহীন প্রযুক্তি মেলা থেকে একটি বিশ্বখ্যাত কোম্পানির ল্যাপটপ ক্রয় করলেন। তিনি ল্যাপটপটি নিয়ে বিশ্ববিদ্যালয়ে ক্লাস করতে গেলে ল্যাপটপটির ওপর অর্ধ খাওয়ার মতো একটি আপেলের ছবি দেখেই সকলে বুঝতে পারলেন এটি অ্যাপল কোম্পানির ল্যাপটপ। শাহীন এবং তার বন্ধুরা জানতে পারল ছবিটি রেজিস্ট্রেশন করা থাকায় অ্যাপল কোম্পানি এ ধরনের একক প্রতীক ব্যবহারের সুবিধা পেয়েছে। ★★★

ক. পেটেন্ট কোন ধরনের সম্পদ?

খ. ব্যবসায়ে বিমার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।

গ. ল্যাপটপের উপরের অর্ধ খাওয়া আপেলের ছবিটি কী নির্দেশ করছে? বর্ণনা কর।

ঘ. অ্যাপেল কোম্পানির জন্য আপেলের ছবিটি রেজিস্ট্রেশন করা কতটা যৌক্তিক বলে তুমি মনে কর।

**প্রশ্ন ৫** আদনান খান তার জনপ্রিয় বই "তরুণ ও তরুণীদের মনের কথা" প্রকাশের জন্য মর্ডান পাবলিকেশনের সাথে একটি চুক্তি সম্পাদান করলেন। চুক্তি অনুযায়ী প্রকাশনাটি নির্দিষ্ট সময়ের জন্য রয়্যালটির বিনিময়ে "তরুণ ও তরুণীদের মনের কথা" বইটি মুদ্রণ ও বাজারজাতকরণের আইনগত অধিকার লাভ করেন। নির্দিষ্ট সময়ে রয়্যালটি না পেয়ে আদনান খান চুক্তি ভঙ্গের জন্য আদালতের আশ্রয় নেন। ★★★

PARTHIB BOOKS

ক. চাকরি কী?
খ. ব্যবসায় পরিকল্পনা বলতে কী বোঝায়?
গ. আদনান খান ও মর্ডান পাবলিকেশনের মধ্যে সম্পাদিত চুক্তিকে কী বলা হয়?
ঘ. মর্ডান পাবলিকেশনের ক্ষেত্রে চুক্তি ভঙ্গ করার পরিণতি কী হতে পারে বলে তুমি মনে কর।

**প্রশ্ন ৬** একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জনাব খালেদ খান বাংলাদেশের অর্থনীতির ওপর একটি গবেষণামূলক গ্রন্থ প্রকাশ করেছেন। বইটি বিভিন্ন মহলে সমাদৃত হলেও বাজারে বিক্রি আশানুরূপ হচ্ছে না। তিনি খোঁজ নিয়ে জেনেছেন বইটির নকল কপি প্রকৃত দামের থেকে অনেক কমে বাজারে বিক্রি হচ্ছে। ★★★
ক. পণ্যের প্রতীককে কী বলে?
খ. পণ্যের প্রতীক রেজিস্ট্রেশন করা হয় কেন?
গ. জনাব খালেদ খানের সৃষ্ট কাজটি কিসের অন্তর্গত? ব্যাখ্যা কর।
ঘ. নকল প্রতিরোধে জনাব খালেদ খানের কী পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল বলে তুমি মনে কর–যুক্তি দেখাও।

**প্রশ্ন ৭** মি. তারেক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। স্বামীর মৃত্যুর পর তার স্ত্রী–সন্তানদের নিয়ে বিপাকে পড়েন। পরবর্তীতে তিনি জানতে পারেন স্ত্রী–সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে এক বছর আগে একটি বিমা চুক্তি করেছিলেন। ★★
ক. বিমা কী?
খ. নৌ বিমা করার কারণ ব্যাখ্যা কর।
গ. মি. তারেক কোন ধরনের বিমা করেছিলেন?
ঘ. মি. তারেকের স্ত্রীর মতো অসহায় মানুষের জন্য বিমা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে–উক্তিটি মূল্যায়ন কর।

## জ্ঞানমূলক

১। ট্রেডমার্ক কী?
[ঢা. বো. ১৯; রা. বো. ১৯; য. বো. ১৯; সি. বো. ১৯; ব. বো. ১৯] ★★★
উত্তর : ব্যবসায়ের স্বতন্ত্রসূচক বৈশিষ্ট্য, চিহ্ন বা প্রতীক যা সকলের নিকট ব্যবসায় বা পণ্যকে সহজে পরিচিত করে তোলে এবং এর মালিকের তা ব্যবহারের একচ্ছত্র অধিকার নির্দেশ করে, তাকে ট্রেডমার্ক বলে।
২। কোন ধরনের কোম্পানি নিবন্ধন পাওয়ার সাথে সাথে জন্মগ্রহণ করে? ★★★
উত্তর : প্রাইভেট লিমিটেড কোম্পানি নিবন্ধন পাওয়ার সাথে সাথে জন্মগ্রহণ করে ।
৩। প্রাইভেট লিমিটেড কোম্পানির ন্যূনতম প্রবর্তক কত জন? ★★★

PARTHIB BOOKS

উত্তর : প্রাইভেট লিমিটেড কোম্পানির ন্যূনতম প্রবর্তক ২ জন ।

৪। ফ্রানসাইজিং কী? [কু. বো. ১৯; চ. বো. ১৯; দি. বো. ১৯] ★★★

উত্তর : কোনো খ্যাতনামা কোম্পানির নাম ব্যবহার করে পণ্য তৈরি ও বিক্রয় করার অধিকারই ফ্রানসাইজিং।

৫। পেটেন্ট কী? [চ. বো. ২০; সি. বো. ২০; সকল বোর্ড ২০] ★★★

উত্তর : পেটেন্ট হলো উদ্ভাবনের একচ্ছত্র অধিকার, যা পেটেন্ট আইন কর্তৃক নিবন্ধিত।

৬। পৌর এলাকার বাইরে একমালিকানা কারবারের ট্রেডলাইসেন্স কে প্রদান করে?

উত্তর : পৌর এলাকার বাইরে একমালিকানা কারবারের ট্রেডলাইসেন্স জেলা প্রশাসকের লিস্ট থেকে সংগ্রহ করতে হয়।

৭। পণ্যের মান নির্ধারণে সার্টিফিকেট প্রদান করে কোন প্রতিষ্ঠান? [সকল বোর্ড ১৬]

উত্তর : পণ্যের মান নির্ধারণে সার্টিফিকেট প্রদান করে বিএসটিআই।

## অনুধাবনমূলক

১. পণ্যের মান নিশ্চিত করার উপায়টি ব্যাখ্যা কর? ★★

২. মান নিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ★★★

৩. অগ্নিজনিত ক্ষতি বলতে কী বোঝায়? ★★★

৪. শিল্পকর্মকে মেধাসম্পদ বলা হয় কেন? ★★★

৫. একচেটিয়া মালিকানা বলতে কী বোঝায়? ★★

৬. নিবন্ধনপত্র বলতে কী বোঝায়? ★★★

৭. পেটেন্ট ধারণা উৎপত্তির কারণ ব্যাখ্যা কর। ★★

PARTHIB BOOKS

# ষষ্ঠ অধ্যায়

# ব্যবসায় পরিকল্পনা

## সৃজনশীল প্রশ্ননির্বাচনি

১. **ব্যবসায়ে পরিকল্পনার প্রয়োজন হয় কেন?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা] ★★★
● লক্ষ্য অর্জনে ⓖ দক্ষতা অর্জনে
ⓖ বেশি লাভ করতে ⓘ কার্য সম্পাদনে

২. **ব্যবসায় পরিকল্পনা কোন ক্ষেত্রে সহায়তা করে?** [ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়] ★
ⓚ অবৈধ আয় অর্জনে ● মূলধন সংগ্রহে
ⓖ সুদ মওকুফে ⓘ অভিজ্ঞতা অর্জনে

৩. **ঋণদানকারী প্রতিষ্ঠানের নিকট তথ্যসূত্র দলিল হিসেবে বিবেচিত হয় কোনটি?**
ⓚ ব্যবসায় প্রকল্প ⓖ ব্যবসায় বাজেট
● ব্যবসায় পরিকল্পনা ⓘ ক্যাশ টাকা

৪. **ব্যবসায় পরিকল্পনা সহায়তা করে কোন ক্ষেত্রে?** [রংপুর জিলা স্কুল, রংপুর] ★★★
● সিদ্ধান্ত গ্রহণে ⓖ আয়কর ফাঁকিতে
ⓖ অবৈধ আয়ে ⓘ অধিক উৎপাদনে

৫. **ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের ধাপ কয়টি?** [বরিশাল জিলা স্কুল, বরিশাল] ★★★
ⓚ ২টি ● ৩টি
ⓖ ৪টি ⓘ ৫টি

৬. **কোনটি ব্যবসায়ীকে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সহায়তা করে?** [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★
ⓚ মূলধন ● পরিকল্পনা
ⓖ ভোক্তার আয় ⓘ পণ্যের চাহিদা

৭. **কীভাবে প্রকল্পের সূচনা হয়?** [ময়মনসিংহ জিলা স্কুল] ★★
● পণ্যের চাহিদা থেকে ⓖ উদ্যোক্তার আগ্রহ দ্বারা
ⓖ কারিগরি শিক্ষা দ্বারা ⓘ নতুন প্রযুক্তি ব্যবহার করে

৮. **ম্যাক্রোস্ক্রিনিং এর প্রাথমিক পদক্ষেপ কোনটি?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা] ★★
ⓚ পণ্য নির্বাচন ⓖ স্থান নির্বাচন
● প্রকল্প নির্বাচন ⓘ কর্মী নির্বাচন

৯. **"প্রত্যাশিত মুনাফা লাভ" মাইক্রোস্ক্রিনিং এর কোন উপাদানের অন্তর্ভুক্ত?** ★★
ⓚ বাজার চাহিদা ⓖ কারিগরি দিক
● আর্থিক দিক ⓘ বাণিজ্যিক দিক

PARTHIB BOOKS

**১০. কী অনুযায়ী কার্যক্রম পরিচালনা করলে ব্যর্থ হবার সম্ভাবনা কমে আসে?** ★★★

ⓚ আইন ● পরিকল্পনা

ⓖ পূর্ব ধারণা ⓖh নেতার নির্দেশ

**১১. কোনটির অভাবে ব্যবসায়ে সফলতা অনিশ্চিত হয়ে পড়ে?** ★★★

ⓚ শ্রমিকের ● সুষ্ঠু পরিকল্পনার

ⓖ ঋণের ⓖh সঞ্চয়ের

**১২. কোনটি ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি?** ★★★

● ব্যবসায় পরিকল্পনা ⓚh অতীত অভিজ্ঞতা

ⓖ ব্যাংক উদ্বৃত্ত ⓖh ক্যাশ বুক

**১৩. কোনো কার্য সম্পাদনের জন্য অগ্রিম চিন্তাভাবনাকে কী বলে?** ★★★

ⓚ চিন্তন ⓚh ভবিষ্যৎ

ⓖ প্রকল্প ● পরিকল্পনা

**১৪. কোনটিতে ব্যবসায়ের ভবিষ্যতের চিত্র তুলে ধরা হয়?** ★★★

ⓚ ক্রয় বিক্রয় হিসাবে ⓚh খতিয়ানে

ⓖ রেওয়ামিলে ● ব্যবসায় পরিকল্পনা

**১৫. কোনটিতে ব্যবসায়ের লক্ষ্য ও প্রকৃতি উল্লেখ থাকে?** ★★★

● ব্যবসায় পরিকল্পনায় ⓚh ক্যাশ বইয়ে

ⓖ খতিয়ানে ⓖh রেওয়ামিলে

**১৬. কোনটি নতুন ব্যবসায় শুরু করার জন্য অধিকতর প্রয়োজন?** ★★★

● ব্যবসায় পরিকল্পনা ⓚh শ্রমিক

ⓖ দোকান ⓖh অনুমতি

**১৭. ব্যবসায় শুরু ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কোনটি গুরুত্বপূর্ণ?** ★★

ⓚ অনুমতি ⓚh গৃহ

● ব্যবসায় পরিকল্পনা ⓖh ব্যাংক ঋণ

**১৮. ব্যবসায়ে অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য কোনটির গুরুত্ব অপরিসীম?** ★★★

ⓚ গৃহ ⓚh ভূমি

ⓖ শ্রমিক ● ব্যবসায় পরিকল্পনা

**১৯. ব্যবসায় প্রকল্প প্রণয়নের পদক্ষেপ কোনটি?** ★★★

ⓚ মূলধন বিনিয়োগ ● ধারণা চিহ্নিতকরণ

ⓖ কর্মী নির্বাচন ⓖh বাজার জরিপ

**২০. প্রকল্প নির্বাচন নির্ভর করে কীসের ওপর?** ★★★

● চাহিদা ⓚh যোগান

ⓖ স্থান ⓖh পরিচালক

**২১. পণ্য বা সেবা সামগ্রীর চাহিদা কী জন্ম দেয়?** ★★★

PATHIB BOOKS

● প্রকল্প ধারণা ⓖ নতুন পণ্য
ⓖ নতুন সিদ্ধান্ত ⓘ নতুন বিনিয়োগ

২২. **প্রকল্প ধারণার উৎস কোনটি?** ★★★
● শিল্প জরিপ ⓖ পণ্য নির্বাচন
ⓖ রাজনৈতিক পরিবেশ ⓘ আইনগত পরিবেশ

২৩. **নিচের কোনটি প্রকল্প ধারণার উৎস?** ★★
ⓚ পণ্য নির্বাচন ● গবেষণামূলক প্রতিবেদন
ⓖ ম্যাক্রোস্ক্রিনিং ⓘ মাইক্রোস্ক্রিনিং

২৪. **প্রকল্প নির্বাচনের একটি উপায় ম্যাক্রোস্ক্রিনিং এবং অন্যটি কী?** ★★★
● মাইক্রোস্ক্রিনিং ⓖ মাইক্রোসফট
ⓖ মাইক্রো এন্টারপ্রাইজ ⓘ ম্যাক্রো এন্টারপ্রাইজ

২৫. **কোনটি প্রকল্প ধারণা নির্বাচনে সহায়তা করে?** ★★★
● ম্যাক্রোস্ক্রিনিং ⓖ মাইক্রোস্ক্রিনিং
ⓖ মাইক্রো এন্টারপ্রাইজ ⓘ মাইক্রো সমিতি

২৬. **ম্যাক্রোস্ক্রিনিং পরিবেশের উল্লেখযোগ্য উপাদান কয়টি?** ★★★
ⓚ চারটি ⓖ পাঁচটি
● ছয়টি ⓘ সাতটি

২৭. **ম্যাক্রোস্ক্রিনিং–এর উপাদান নয় কোনটি?** ★★★
ⓚ জনসংখ্যার ঘনত্ব ● প্রকল্প ব্যয়
ⓖ ভোক্তার চাহিদা ⓘ ভোক্তার আয়

২৮. **একটি ব্যবসায়ের অস্তিত্ব, প্রবৃদ্ধি ও অগ্রগতি কোনটির ওপর নির্ভর করে?**
ⓚ শিক্ষা ⓖ সংস্কৃতি
● জনসংখ্যা ⓘ জনমত

২৯. **কে ব্যবসায় পরিকল্পনা প্রস্তুত করতে পারে?** ★★★
ⓚ সরকার ● ব্যবসায়ী নিজে
ⓖ ব্যবস্থাপক ⓘ ব্যবসায় সমিতি

৩০. **ব্যবসায় পরিকল্পনার ক্ষেত্রে বাঞ্ছণীয় কোনটি?** ★★★
ⓚ শব্দ–বাহুল্যতা ⓖ টেকনিক্যাল শব্দ বাহুল্যতা
● সংক্ষিপ্ততা ⓘ দুর্বোধ্যতা

৩১. **ব্যবসায়ের ব্যবস্থাপনার দলে কোন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করা উচিত নয়?** ★★
ⓚ পরিচিত ⓖ অভিজ্ঞ
● অপরিচিত ⓘ সাবালক

৩২. **ব্যবসায়ের ব্যবস্থাপনা দলে কাকে অন্তর্ভুক্ত করতে হবে?** ★★★
ⓚ অপরিচিত ব্যক্তিকে ● পরিচিত ব্যক্তিকে

DARTHIB BOOKS

ⓖ বিশেষ সদস্যকে　ⓘ ভোক্তাকে

৩৩. **কেন টেকনিক্যাল শব্দ ব্যবহার থেকে বিরত থাকতে হবে?** ★★★

● সকলের সুবিধার্থে　ⓗ বিশেষজ্ঞদের সুবিধার্থে

ⓖ ভোক্তার সুবিধার্থে　ⓘ সরবরাহকারীর সুবিধার্থে

৩৪. **ব্যবসায় পরিচালনার ধরন কয়টি?** ★★★

● দুইটি　ⓗ তিনটি

ⓖ চারটি　ⓘ পাঁচটি

৩৫. **অংশীদারি ব্যবস্থাপনার অপর নাম কী?** ★★★

ⓚ একক ব্যবস্থাপনা　● যৌথ ব্যবস্থাপনা

ⓖ স্বৈরতান্ত্রিক ব্যবস্থাপনা　ⓘ গণতান্ত্রিক ব্যবস্থাপনা

৩৬. **বাজারের আকার কোনটির অন্তর্গত?** ★★★

● বাজার জরিপ　ⓗ অর্থায়ন

ⓖ সাংস্কৃতিক পরিবেশ　ⓘ ম্যাক্রোস্ক্রিনিং

৩৭. **ব্যবসায়ে কী বিদ্যমান থাকে?** ★★★

● ঝুঁকি　ⓗ মৃত্যু

ⓖ ধ্বংস　ⓘ দুর্নীতি

৩৮. **বুদ্ধিমানের কাজ কোনটি?** ★★★

● সক্ষমতা যাচাই　ⓗ বাজার যাচাই

ⓖ বেশি লোভ　ⓘ অধিক লাভ

৩৯. **ব্যবসায় সক্ষমতা যাচাই কোন ধরনের বিষয়?** ★★★

ⓚ সহজ　● জটিল

ⓖ গতানুগতিক　ⓘ বিজ্ঞানসম্মত

৪০. **আত্মবিশ্লেষণে কয়টি প্রশ্ন করা যেতে পারে?** ★★★

ⓚ ১০টি　ⓗ ১২টি

ⓖ ১৩টি　●১৫টি

৪১. **কোনটি ব্যবসায়ীকে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সহায়তা করে?** ★★★

ⓚ মূলধন　● পরিকল্পনা

ⓖ ভোক্তার আয়　ⓘ পণ্যের চাহিদা

৪২. **ভবিষ্যৎ কর্মকাণ্ডের নীলনকশাকে কী বলে?** ★★★

ⓚ ব্যবস্থাপনা　● পরিকল্পনা

ⓖ উদ্যোগ　ⓘ ব্যবসায়

৪৩. **পণ্যের মূল্য নির্ধারণ কোন কাজের অংশ?** ★★★

ⓚ বিক্রয়িকতা　ⓗ ব্যক্তিক বিক্রয়

● বাজার জরিপ　ⓘ বাজার সম্ভাব্যতা যাচাই

PARTHIB BOOKS

৪৪. **মুনাফা অর্জনের সম্ভাবনায় কয়টি লক্ষ্য অন্তর্ভুক্ত থাকে?** ★★★
ⓚ ১টি ● ২টি
ⓖ ৩টি ⓘ ৪টি
৪৫. **ব্যবসায় পরিকল্পনার সাথে সংযোজন করতে হয় কোনটি?** ★★★
● আর্থিক বিবরণী ⓙ অর্থ
ⓖ ট্রেড লাইসেন্স ⓘ কর্মীর জীবন বৃত্তান্ত
৪৬. **প্রাক্কলিত আর্থিক বিবরণীর সাথে কয়টি বিষয় সংযুক্ত করতে হয়?** ★★★
ⓚ ৬টি ● ৭টি
ⓖ ৮টি ⓘ ৯টি
৪৭. **মাইক্রোস্ক্রিনিং–এর উপাদান কোনটি?** ★★★
ⓚ পণ্যের চাহিদা ● কারিগরি দিক
ⓖ জনসংখ্যা বিষয়ক ⓘ জীবন নির্বাহের খরচ
৪৮. **প্রতিবেদনে যাচাই করা হয় প্রকল্পের কোন দিকটি?** ★★★
● সম্ভাবনা ⓙ বাস্তবতা
ⓖ যৌক্তিকতা ⓘ উদ্দেশ্য
৪৯. **শিল্পোদ্যোক্তা কার সাহায্য নিয়ে ব্যবসায় পরিকল্পনা প্রস্তুত করতে পারে?** ★★★
ⓚ সরকারের ⓙ ব্যবস্থাপকের
● বিশেষজ্ঞের ⓘ সংগঠকের
৫০. **সুষ্ঠুভাবে ব্যবসায় পরিচালনার জন্য উদ্যোক্তাকে কোনটি প্রস্তুত করতে হয়?** ★★
ⓚ চূড়ান্ত হিসাব ⓙ রেওয়ামিল
ⓖ জাবেদা ● নগদান প্রবাহ বিবরণী
৫১. **একটি সুষ্ঠু ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন করতে কোন ধরনের পদক্ষেপ নেয়া বাঞ্ছনীয়?**
ⓚ ইচ্ছামতো ⓙ পরিকল্পিত
● ধারাবাহিক ⓘ রিপোর্ট অনুযায়ী
৫২. **ভোক্তার আয় কোন পরিবেশের উপাদান?** ★★★
ⓚ রাজনৈতিক ● অর্থনৈতিক
ⓖ সামাজিক ⓘ আইনগত
৫৩. **প্রকল্পের মোট ব্যয় নিরূপণে কোনটির অন্তর্গত?** ★★★
ⓚ পণ্যের বিভিন্ন তথ্যের ⓙ বিপণন সম্পর্কিত নীতিমালা
ⓖ প্রচারণা ● আর্থিক বিবরণীর
৫৪. **নগদ সম্ভাব্য আগমন ও নির্গমন কোনটির মাধ্যমে জানা যায়?** ★★
ⓚ নগদান বই ⓙ খতিয়ান
● নগদান প্রবাহ বিবরণী ⓘ রেওয়ামিল
৫৫. **নগদ ব্যয়ের পরিমাণ জানা যায় কোনটি থেকে?** ★★★

DATTMIB BOOKS

ⓚ আয়–ব্যয় বিবরণী ● নগদান প্রবাহ বিবরণী
ⓖ উদ্বৃত্তপত্র ⓘ ব্যাংক বিবরণী

৫৬. **ব্যবসায়ের আয়–ব্যয় সমান হয় কোন বিন্দুতে?** ★★★
ⓚ প্রথম বিন্দুতে ● সম–আয়–ব্যয় বিন্দুতে
ⓖ লাভ–লোকসান বিন্দুতে ⓘ উদ্বৃত্তপত্রে

৫৭. **মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমান হলে তাকে কী বলা হয়?** ★★★
● সম–আয়–ব্যয় ⓚ সম–ব্যয়
ⓖ সমবায় ⓘ আয়–ব্যয়–দায়

৫৮. **ব্রেক ইভেন পয়েন্ট–এর অর্থ কী?** ★★★
ⓚ বিচ্ছেদ বিন্দু ● সম আয়–ব্যয় বিন্দু
ⓖ লাভ বিবরণী ⓘ ভাসমান বিন্দু

৫৯. **কোনো ব্যক্তির নিজের ব্যবসায় করার সক্ষমতা যাচাই করার কাজকে কী বলে?**
● আত্মবিশ্লেষণ ⓚ ব্যবস্থাপনা
ⓖ যোগ্যতা যাচাই ⓘ উদ্দীপনা যাচাই

৬০. **কোন কাজ কে কার দ্বারা, কখন, কীভাবে সম্পন করা হবে তার অগ্রিম চিন্তা–ভাবনার নির্দেশনাকে কী বলে?** ★★★
● পরিকল্পনা ⓚ ব্যবস্থাপনা
ⓖ নীতিমালা ⓘ ব্যবসায় উদ্যোগ

৬১. **ব্যবসায়ীর নিকট দিকনির্দেশনা দলিল হিসেবে কাজ করে কোনটি?** ★★★
● পরিকল্পনা ⓚ সংগঠন
ⓖ কর্মসংস্থান ⓘ নিয়ন্ত্রণ

৬২. **ব্যবসায় পরিকল্পনা মালিকের ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে কী হিসেবে কাজ করে?**
ⓚ দলিল ● দিকনির্দেশক
ⓖ সহায়ক ⓘ নিয়ন্ত্রক

৬৩. **ব্যবসায়ের সাফল্য অনেকাংশে কীসের ওপর নির্ভর করে?** ★★★
ⓚ পরিকল্পনা ● প্রকল্প নির্বাচন
ⓖ প্রকল্প মূল্যায়ন ⓘ দক্ষ পরিচালনা

৬৪. **সুচিন্তিত কর্মপদ্ধতি বলা হয় কোনটিকে?** ★★★
ⓚ পরিকল্পনা ● প্রকল্প
ⓖ প্রেষণ ⓘ নিয়ন্ত্রণ

৬৫. **সাংস্কৃতিক পরিবেশের মাধ্যমে কোনটি জানা যায়?** ★★★
ⓚ জনসংখ্যা বৃদ্ধির হার ⓚ জনসংখ্যা প্রবৃদ্ধির হার
ⓖ কারিগরি শিক্ষার হার ●শিক্ষার হার

৬৬. **প্রকল্পের বাণিজ্যিক দিক বিশ্লেষণ করা হয় কোন পর্যায়ে?** ★★★

PATHIB BOOKS

ⓚ প্রকল্প চিহ্নিতকরণ ● সম্ভাব্যতা যাচাই
ⓖ প্রকল্প প্রণয়ন ⓖh প্রকল্প মূল্যায়ন

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** রাকিব আত্মকর্মসংস্থানের উদ্দেশ্যে শহরের কাঁচা বাজারের কাছে একটি ফটোকপি ও কম্পিউটার কম্পোজের দোকান দেন। ব্যবসায়ে পর্যাপ্ত পুঁজি থাকার পরও তিনি ব্যবসায় থেকে তেমন মুনাফা করতে পারছিলেন না। তার বন্ধু সজিবের পরামর্শে দোকানটিকে শহরের স্কুল-কলেজ এলাকায় স্থাপন করলেন। এখন রাকিব তার ব্যবসায় থেকে আস্তে আস্তে ভালো মুনাফা অর্জন করতে থাকে। ★★★

ক. ব্যবসায় পরিকল্পনাকে ভ্রমণকারীর জন্য কী বলা যেতে পারে?
খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ কাকে বলে? ব্যাখ্যা কর।
গ. রাকিবের ব্যবসায়ের প্রথমদিকে ক্ষতির কারণ কী? ব্যাখ্যা কর।
ঘ. রাকিবের ব্যবসায় প্রতিষ্ঠানের স্থান পরিবর্তন করার পেছনে তোমার যুক্তি দেখাও।

**প্রশ্ন ২** ব্যবসায় শিক্ষায় স্নাতক কিরণ জানেন একটি উত্তম পরিকল্পনা ভালোভাবে অর্ধেক কাজ সম্পন্ন করে। তিনি একটি বেকারি শিল্প স্থাপনের পূর্বেই উৎপাদনের পরিমাণ, বাজার জরিপ, উৎপাদন স্থান ও প্রক্রিয়া ব্যবস্থাপনা, বাজারজাতকরণ তথা বিপণন, অর্থায়ন, মূলধন বাজেটিং যাবতীয় বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছেন। ★★★

ক. প্রকল্প ধারণা কী?
খ. মাইক্রোস্ক্রিনিং-এর দুটি প্রভাবক ব্যাখ্যা কর।
গ. জনাব কিরণের পক্ষ হয়ে বেকারি শিল্পের জন্য একটি কাল্পনিক প্রকল্প ব্যয় বিবরণী প্রণয়ন কর।
ঘ. 'ভবিষ্যতের ঝুঁকি ও অনিশ্চয়তা এড়াতে একটি ভালো পরিকল্পনা হচ্ছে উত্তম কৌশল' তুমি কি একমত? যুক্তি দাও।

**প্রশ্ন ৩** সারাজাবীন ব্যবসায় শাখার একজন ছাত্রী। সম্প্রতি তিনি পড়ালেখা শেষ করেছেন। তিনি জানেন, কোনো ব্যবসার উদ্যোগ গ্রহণের পূর্বে ব্যবসায়ের যথার্থ পরিকল্পনা প্রণয়ন করতে হয়। এজন্য তিনি ক্ষুদ্র ব্যবসায় পরিকল্পনার বিষয়বস্তু সম্পর্কে জানলেন এবং ব্যবসায়ের প্রকল্প প্রতিবেদন কিরূপে প্রণয়ন করতে হয় সে সম্পর্কে ধারণা নিলেন। ★★★

ক. কোনটি প্রকল্প ধারণার জন্ম দেয়?
খ. ব্যবসায় পরিকল্পনা যতটুকু সম্ভব সংক্ষিপ্ত হবে-ব্যাখ্যা কর।
গ. সারাজাবীনের মতো উদ্যোগী ব্যক্তিদের সফলতার সম্ভাবনা বেশি হওয়ার কারণ বর্ণনা কর।
ঘ. সারাজাবীন ক্ষুদ্র ব্যবসায় পরিকল্পনার বিষয়বস্তু সম্পর্কে যে জ্ঞান লাভ করেছেন তা বিশ্লেষণ কর।

PARTHIB BOOKS

**প্রশ্ন ৪** জনাব মনির নিজ এলাকায় একটি ফাস্টফুডের দোকান প্রতিষ্ঠা করেন। কিন্তু ক্রমাগত লোকসান দেওয়ায় তিনি ব্যবসায় পরিবর্তন করে মুদির দোকান দেওয়ার কথা চিন্তা–ভাবনা করছেন। তার প্রথম দোকানটি ছিল লেবার কলোনির শেষ প্রান্তে, এবার তিনি তার দোকানটি কলোনির গেটে খোলার কথা চিন্তা করেছেন। ব্যবসায় পরিবর্তনের ফলে তার প্রচুর লোকসান হলো। ★★★

ক. প্রাক্কলিত লাভ কী?

খ. প্রকল্প প্রতিবেদন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ. জনাব মনির ব্যবসায় স্থাপনে কোন দিকটি বিবেচনা করেননি? বর্ণনা কর।

ঘ. ব্যবসায় সফল হতে হলে জনাব মনিরের করণীয় বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৫** ইমতিয়াজ আহমেদ একটি নতুন ব্যবসায় শুরু করার জন্য ব্যবসায় পরিকল্পনার বিষয়বস্তু সম্পর্কে জানলেন। ব্যবসায়ের প্রকল্প প্রতিবেদন কিরূপ প্রণয়ন করতে হয় সে সম্পর্কে ধারণা নিলেন। প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য নিজের মূলধন না থাকায় মূলধন সংগ্রহের বিকল্প উৎসও নির্ধারণ করেন। ★★★

ক. ভোক্তার আয় কোন পরিবেশের উপাদান?

খ. সামষ্টিক নির্বাচন বলতে কী বোঝায়?

গ. ইমতিয়াজের প্রকল্প বাস্তবায়নে কোন ধরনের মূলধন প্রয়োজন? ব্যাখ্যা কর।

ঘ. ইমতিয়াজ আহমেদ প্রকল্প প্রণয়নে যথার্থ পথ অনুসরণ করেছেন – এ বিষয়ে তোমার মতামত দাও।

**প্রশ্ন ৬** নিখিল ঘোষ একটি আসবাবপত্র তৈরি প্রতিষ্ঠানের মালিক। তিনি ১,০০০টি চেয়ার তৈরির জন্য কাঠ ক্রয় করলেন ২,২০,০০০ টাকা, কাঠ মিস্ত্রির মজুরি দিলেন ৭৫,০০০ টাকা, কারখানার বিদ্যুৎ খরচ ৭,৫০০ টাকা, অফিস ম্যানেজারের বেতন দিলেন ১০,০০০ টাকা, বিজ্ঞাপন বাবদ খরচ করলেন ৪,০০০ টাকা। ★★★

ক. ব্যবসায় পরিকল্পনা কোন ধরনের দলিল?

খ. পণ্য ধারণা বলতে কী বোঝায়?

গ. নিখিল ঘোষের ১,০০০টি চেয়ার তৈরির উৎপাদন ব্যয় নিরূপণ কর।

ঘ. নিখিল ঘোষ যদি মোট ব্যয়ের ১৮% লাভ করতে চান তবে প্রতিটি চেয়ারের বিক্রয়মূল্য কত টাকা নির্ধারণ করতে হবে?

## জ্ঞানমূলক

১. প্রাক্কলিত আয় কী? ★★★

উত্তর : বিক্রয়লব্ধ অর্থ থেকে যে আয় হয় তাকে প্রাক্কলিত আয় বলে।

২. সম আয়–ব্যয় কী? ★★★

উত্তর : যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য মোট ব্যয়ের সম পরিমাণ হয় তাকে সম আয়–ব্যয় বলে।

PARTHIB BOOKS

৩. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ★★★

উত্তর : ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন।

৪. ব্যবসায় পরিকল্পনা কোন ধরনের দলিল? ★★★

উত্তর : ব্যবসায় পরিকল্পনা একটি লিখিত দলিল।

৫. ব্যবসায় প্রকল্প প্রণয়নের প্রথম পদক্ষেপ কোনটি? ★★★

উত্তর : ব্যবসায় প্রকল্প প্রণয়নের প্রথম পদক্ষেপ হলো ধারণা চিহ্নিতকরণ।

৬. জনসংখ্যা কোন পরিবেশের উপাদান? ★★★

উত্তর : জনসংখ্যা ম্যাক্রো পরিবেশের উপাদান।

৭. ভোক্তার আয় কোন পরিবেশের উপাদান? ★★★

উত্তর : ভোক্তার আয় অর্থনৈতিক পরিবেশের উপাদান।

৮. শিক্ষার হার কোন পরিবেশের উপাদান? ★★★

উত্তর : শিক্ষার হার সাংস্কৃতিক পরিবেশের উপাদান।

৯. রাজনীতিবিদদের আচরণ কোন পরিবেশের উপাদান? ★★★

উত্তর : রাজনীতিবিদদের আচরণ রাজনৈতিক পরিবেশের উপাদান।

১০. বিনিয়োগের জন্য কোন প্রকল্পটি নির্ধারণ করা হয়? ★★★

উত্তর : বিনিয়োগের জন্য সবচেয়ে বাস্তবসম্মত ও লাভজনক প্রকল্পটি নির্ধারণ করা হয়।

১১. চিহ্নিত ধারণা মূল্যায়নের পদ্ধতি কয়টি? ★★★

উত্তর : চিহ্নিত ধারণা মূল্যায়নের পদ্ধতি দুইটি।

১২. পণ্যের সঠিক মূল্য নির্ধারণে কোনটি সহায়তা করে? ★★★

উত্তর : পণ্যের সঠিক মূল্য নির্ধারণে সম আয়–ব্যয় বিন্দু সহায়তা করে।

১৩. আত্মবিশ্লেষণ কী? ★★★

উত্তর : আত্মবিশ্লেষণ হলো নিজের সক্ষমতা যাচাই।

## অনুধাবনমূলক

১. পণ্য ধারণা বলতে কী বোঝায়? ★★★

২. ব্যবসায় পরিকল্পনা প্রয়োজন কেন? ★★★

৩. বাণিজ্যিক লাভজনকতা বলতে কী বোঝায়? ★★

৪. আত্মবিশ্লেষণ পদ্ধতি বলতে কী বোঝায়? ★★★

৫. বাজার জরিপ বলতে কী বোঝায়? ★★★

৬. প্রকল্প প্রতিবেদন বলতে কী বোঝায়? ★★★

৭. জনসংখ্যা ও অর্থনৈতিক পরিবেশ কীভাবে ব্যবসায় কার্যাবলিকে প্রভাবিত করে? ★★

PARTHIB BOOKS

# সপ্তম অধ্যায়

# বাংলাদেশের শিল্প

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **বিনিয়োগের দৃষ্টিতে উৎপাদন ও সেবা শিল্পকে কয় ভাগে ভাগ করা যায়?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা] ★★★

ক ২ খ ৩
● ৪ ঘ ৫

২. **পরিবারের সদস্যদের প্রাধান্য বিশিষ্ট শিল্পকে কী বলে?** [রংপুর জিলা স্কুল, রংপুর] ★★

ক ক্ষুদ্র শিল্প ● কুটির শিল্প
গ উৎপাদন শিল্প ঘ মাঝারি শিল্প

৩. **কোন শিল্প আমাদের দেশকে সমৃদ্ধ করেছে?** [বরিশাল জিলা স্কুল, বরিশাল] ★★

● কুটির শিল্প খ ক্ষুদ্র শিল্প
গ মাঝারি শিল্প ঘ বৃহৎ শিল্প

৪. **মণিপুরি কোন শিল্পের জন্য বিখ্যাত?** [ময়মনসিংহ জিলা স্কুল] ★★

ক ক্ষুদ্র শিল্প খ বৃহদায়তন শিল্প
● কুটির শিল্প ঘ ঝিনুক শিল্প

৫. **বাংলাদেশের বৃহৎ শিল্পগুলোর মধ্যে উল্লেখযোগ্য কোনটি?** [ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়] ★★★

● সার শিল্প খ হিমাগার শিল্প
গ চামড়া শিল্প ঘ রাবার শিল্প

৬. **নিচের কোনটি বৃহৎ শিল্পের আওতায় পড়ে?** [গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী] ★★

● বিদ্যুৎ উৎপাদন শিল্প খ মৃৎ শিল্প
গ হস্ত শিল্প ঘ সিরামিক শিল্প

৭. **নিচের কোনটি বাংলাদেশের সম্ভাবনাময় বৃহৎ শিল্প?** [বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল] ★★

● খাদ্য প্রক্রিয়াজতকরণ শিল্প খ মৃৎ শিল্প
গ হস্ত শিল্প ঘ সিরামিক শিল্প

৮. **নিচের কোনটি বাংলাদেশের সম্ভাবনাময় বৃহৎ শিল্প?** [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

● জনশক্তির রপ্তানি খ মৃৎ শিল্প
গ হস্ত শিল্প ঘ ঝিনুক শিল্প

PARTHIB BOOKS

৯. **নিচের কোনটি বাংলাদেশের সম্ভাবনাময় বৃহৎ শিল্প?** ★★★

ক মৃৎ শিল্প　　খ হস্ত শিল্প

গ হিমাগার শিল্প　　● নবায়নযোগ্য শক্তি

১০. **নিচের কোনটি শিল্প উন্নত এলাকা নয়?** ★★★

ক নোয়াখালী　　খ লক্ষ্মীপুর

গ বগুড়া　　● খাগড়াছড়ি

১১. **সিমেন্ট তৈরির কাঁচামাল কোনটি?** [ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়] ★★★

ক চুন　　খ বালি

● পাথর　　ঘ এঁটেল মাটি

১২. **ছাতক সিমেন্ট কারখানা কী ধরনের শিল্প?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা] ★★★

ক কুটির শিল্প　　খ অতি ক্ষুদ্র শিল্প

গ ক্ষুদ্র শিল্প　　● বৃহৎ শিল্প

১৩. **কোথা হতে সিমেন্ট তৈরির পাথর আমাদের দেশে আসে?** [ময়মনসিংহ জিলা স্কুল] ★★

ক নেপাল সিমান্ত　　● ভারত সিমান্ত

গ মায়ানমার সিমান্ত　　ঘ পাকিস্তান সিমান্ত

১৪. **নিচের কোনটি শিল্প উন্নত এলাকা নয়?** ★★★

ক চাঁদপুর　　খ কুমিল্লা

গ ফেনী　　● রাঙামাটি

১৫. **কোন ক্ষেত্রে শিল্পের ভমিকা ক্রমেই বাড়ছে?** ★★★

ক রাজনীতিতে　　খ সরকারি নীতিতে

গ সমাজনীতিতে　　● অর্থনীতিতে

১৬. **শিল্পকে ব্যাপক অর্থে কয় ভাগে ভাগ করা হয়?** [রংপুর জিলা স্কুল, রংপুর] ★★

● দুই　　খ তিন

গ চার　　ঘ পাঁচ

১৭. **কাঁচামালকে প্রক্রিয়াজাত করে পরিণত পণ্যে রূপান্তর করা হয় কোন শিল্পে?** ★★

● সার　　খ হর্টিকালচার

গ নির্মাণ　　ঘ ফুল চাষ

১৮. **বস্ত্র শিল্প কোন শিল্পের উদাহরণ?** [ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়] ★★★

● উৎপাদনমুখী　　খ সেবা শিল্প

গ হস্তান্তর শিল্প　　ঘ কেনাবেচা

১৯. **কুমিল্লার খদ্দর কোন শিল্পের আওতাভুক্ত?** ★★★

● কুটির শিল্প　　খ ক্ষুদ্রশিল্প

গ মাঝারি শিল্প　　ঘ বৃহৎ শিল্প

২০. **শিল্পের উৎপাদন সাধারণত কী ভিত্তিক হয়?** [বরিশাল জিলা স্কুল, বরিশাল] ★★

PATHIB BOOKS

● কারখানা ⓖ চাহিদা

ⓖ মূলধন ⓗ শ্রম

২১. **অর্থনীতিতে কোনটির ভূমিকা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে?** [বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল] ★★

ⓚ চাকরি ⓖ কৃষি

● শিল্প ⓗ বনায়ন

২২. **অর্থনৈতিক উন্নয়ন কোনটির প্রধান উদ্দেশ্য?**[গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী] ★★

ⓚ সমাজের ⓖ সরকারের

● শিল্পের ⓗ আমদানির

২৩. **কত সালের শিল্পনীতি অনুযায়ী বাংলাদেশের শিল্পকে দুই ভাগে ভাগ করা যায়?** ★★

ⓚ ২০০৬ ⓖ ২০০৮

● ২০১০ ⓗ ২০১২

২৪. **রূপগত উপযোগ সৃষ্টি করে কোনটি?** [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

● শিল্প ⓖ বাণিজ্য

ⓖ গুদামজাতকরণ ⓗ বন্ধন

২৫. **উৎপাদনমুখী শিল্পের উদাহরণ কোনটি?** ★★★

● রেল ও ইঞ্জিনিয়ারিং শিল্প ⓖ বিনোদন শিল্প

ⓖ পর্যটন শিল্প ⓗ নির্মাণ শিল্প

২৬. **যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধাসম্পদ ব্যবহারের মাধ্যমে যে সেবামূলক কর্ম সম্পাদিত তাকে বলে?** ★★★

● সেবা শিল্প ⓖ উৎপাদন শিল্প

ⓖ ঝুঁকি শিল্প ⓗ জাহাজ শিল্প

২৭. **ফুল চাষ ও ফুল বাজারজাতকরণ কোন শিল্পের উদাহরণ?** ★★★

ⓚ উৎপাদন শিল্প ● সেবা শিল্প

ⓖ নির্মাণ শিল্প ⓗ হাউজিং শিল্প

২৮. **বিপণন কোন শিল্পের উদাহরণ?** ★★★

ⓚ উৎপাদনমুখী ● সেবা শিল্প

ⓖ নির্মাণ শিল্প ⓗ হাউজিং শিল্প

২৯. **কোনটি সেবা শিল্প?** ★★★

ⓚ বস্ত্র শিল্প ⓖ সিমেন্ট শিল্প

● পর্যটন শিল্প ⓗ চিনি শিল্প

৩০. **শিকা ও পাটের স্যান্ডেল কোন জাতীয় কুটির শিল্প?** ★★★

ⓚ তাঁত শিল্প ⓖ হস্ত শিল্প

ⓖ বেত শিল্প ● পাটজাত শিল্প

PARTHIB BOOKS

৩১. মাদুর তৈরি কোন শিল্পের অন্তর্ভুক্ত? ★★★
ক ক্ষুদ্র শিল্প ● কুটির শিল্প
গ সেবা শিল্প ঘ বৃহদায়তন শিল্প

৩২. উৎপাদনমুখী মাঝারি শিল্পে সর্বনিম্ন শ্রমিক সংখ্যা কতজন? ★★★
ক ১০ জন খ ২৫ জন
গ ৯৯ জন ● ১০০ জন

৩৩. সেবামূলক মাঝারি শিল্পে ভূমি ও কারখানা ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য, প্রতিস্থাপন ব্যয়সহ সর্বনিম্ন কত হবে? ★★★
ক ৫০ লক্ষ ● ১ কোটি
গ ১৫০ কোটি ঘ ২ কোটি

৩৪. সেবামূলক মাঝারি শিল্পে ভূমি ও কারখানা ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য, প্রতিস্থাপন ব্যয়সহ সর্বোচ্চ কত হবে? ★★★
ক ৫ কোটি খ ১০ কোটি
● ১৫ কোটি ঘ ২০ কোটি

৩৫. ময়দা ও আটা প্রস্তুতকরণ কোন ধরনের শিল্প? ★★★
ক কুটির শিল্প খ ক্ষুদ্র শিল্প
গ মাঝারি শিল্প ● ক্ষুদ্র ও মাঝারি শিল্প

৩৬. লাল চিনি প্রস্তুতকরণ ও মধু শোধন কোন ধরনের শিল্প? ★★
ক কুটির শিল্প খ অতি ক্ষুদ্র শিল্প
● ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঘ বৃহৎ শিল্প

৩৭. তেলের মিল ও চকোলেট প্রস্তুতকরণ কোন ধরনের শিল্প? ★★★
ক কুটির শিল্প খ অতি ক্ষুদ্র শিল্প
● ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঘ বৃহৎ শিল্প

৩৮. সিগারেট ও বিড়ি কারখানা কোন ধরনের শিল্প? ★★★
ক কুটির শিল্প খ অতি ক্ষুদ্র শিল্প
● ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঘ বৃহৎ শিল্প

৩৯. স্বয়ংক্রিয় চাল, মুড়ি, চিড়া, খৈ প্রস্তুতকরণ মিল কোন ধরনের শিল্প? ★★★
ক কুটির শিল্প খ অতি ক্ষুদ্র শিল্প
● ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঘ বৃহৎ শিল্প

৪০. নিচের কোনটি ক্ষুদ্র ও মাঝারি শিল্পের পণ্য? ★★★
● প্লাস্টিক কারখানা খ হোসিয়ারি
গ মোমবাতি ঘ ফিনাইল

৪১. গ্লাস ও সিরামিক সামগ্রী কোন শিল্পের পণ্য? ★★★
ক কুটির শিল্প খ অতি ক্ষুদ্র শিল্প

DARUL BOOKS

● ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঘ বৃহৎ শিল্প

৪২. **হিমাগার কোন শিল্পের আওতায় পড়ে?** ★★★

ক কুটির শিল্প খ অতি ক্ষুদ্র শিল্প

● ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঘ বৃহৎ শিল্প

৪৩. **শিল্পের বিকাশে বাধাগ্রস্ত হতে পারে কোন কারণে?** ★★★

● প্রাকৃতিক দুর্যোগে

খ মানুষের সৃষ্ট দুর্যোগে

গ গ্রাহক কম থাকলে

ঘ সরকার টাকা না দিলে

৪৪. **ক্ষুদ্র ও কুটির শিল্পের উৎপাদন ব্যয় কোনটির জন্যে কম হয়?** ★★★

ক সহজ শর্তে মূলধন পাওয়া যায় বলে

● কাঁচামাল সহজলভ্য বলে

গ পণ্যের চাহিদা থাকে বলে

ঘ শ্রমিকের পর্যাপ্ত যোগান রয়েছে বলে

৪৫. **শিল্পের বিকাশ বাধাগ্রস্ত হলে কার পৃষ্ঠপোষকতা প্রয়োজন?** ★★★

ক উদ্যোক্তার খ ব্যাংকের

● সরকারের ঘ প্রভাবশালী ব্যক্তির

৪৬. **উৎপাদিত পণ্য বিক্রয়ের জন্য পয়োজন?** ★★★

ক ক্রেতা খ ভোক্তা

গ পাইকার ● বাজার

৪৭. **কী ক্রয়ের বাজার কাছাকাছি থাকা উচিত?** ★★★

ক আসবাবপত্র খ মনিহারি

● কাঁচামাল ঘ যন্ত্রপাতি

৪৮. **ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্প মূলত কী ধরনের শিল্প?** ★★★

ক সহজ শিল্প ● শ্রমঘন শিল্প

গ ঝুঁকিপূর্ণ ঘ ব্যবহুল শিল্প

৪৯. **কুটির শিল্পের চাহিদা বৃদ্ধিতে কোন জ্ঞান অপরিহার্য হয়ে পড়ে?** ★★

ক পণ্য প্রচারণার জ্ঞান

খ বিক্রয়ের কৌশল জ্ঞান

গ পণ্য সংরক্ষণের জ্ঞান

● ডিজাইন ও দক্ষ কারিগরি জ্ঞান

৫০. **কীসের ওপর শিল্পের সাফল্য নির্ভর করে?** ★★★

ক মূলধনের ● দক্ষ শ্রমশক্তির

গ আধুনিক প্রযুক্তির ঘ বিদেশি বিশেষজ্ঞের

PARTHIB BOOKS

৫১. **বাজার বিস্তৃত হলে প্রতিষ্ঠানের কাঁচামাল আনা–নেয়ার ক্ষেত্রে কোনটি আবশ্যক হয়ে পড়ে?** ★★★

ⓚ বড় বাজার ⓚ যানবাহন
● যোগাযোগ ⓖ শ্রমিক

৫২. **উদ্যোক্তা নিজের পুঁজির স্বল্পতার কারণে কোথা থেকে পুঁজি সংগ্রহ করে?** (অনুধাবন)

ⓚ বিদেশ থেকে ● ব্যাংক থেকে
ⓖ সরকার থেকে ⓘ বিরোধী দল থেকে

৫৩. **উৎপাদনমুখী বৃহৎ শিল্পের বিনিয়োগ সীমা কত?** ★★★

ⓚ ১০ কোটির অধিক
ⓚ ২০ কোটির অধিক
● ৩০ কোটির অধিক
ⓘ ৪০ কোটির অধিক

৫৪. **উৎপাদনমুখী বৃহৎ শিল্পের ক্ষেত্রে নিয়োজিত শ্রমিকের সংখ্যা কত?** [স. বো. ১৫] ★★★

ⓚ ১০০ জনের অধিক
ⓚ ১৫০ জনের অধিক
ⓖ ২০০ জনের অধিক
● ২৫০ জনের অধিক

৫৫. **সেবামূলক বৃহৎ শিল্পের শ্রমিক সংখ্যা কত?** ★★★

ⓚ ৫০ জনের অধিক
● ১০০ জনের অধিক
ⓖ ১৫০ জনের অধিক
ⓘ ২০০ জনের অধিক

৫৬. **কুটির শিল্পের প্রধান কর্মী কে?** ★★★

ⓚ শ্রমিক
● পরিবারের সদস্যরা
ⓖ খন্ডকালীন কর্মী
ⓘ বেতনভুক্ত কর্মী

৫৭. **ক্ষুদ্র ও কুটির শিল্প কোন ধরনের দেশের অর্থনৈতিক অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?** ★★★

ⓚ শিল্পোন্নত দেশের ⓚ উন্নত দেশের
ⓖ অনুন্নত দেশের ● উন্নয়নশীল দেশের

৫৮. **দেশের কতভাগ শিল্পই কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের আওতার্ভুক্ত?** ★★★

PARTHIB BOOKS

ⓚ ২০ ভাগ ⓛ ৪০ ভাগ
ⓖ ৭৭ ভাগ ● ৯৬ ভাগ

৫৯. **বাংলাদেশের কুটির শিল্প প্রধানত কী ভিত্তিক?** ★★★
ⓚ মূলধন ⓛ সঞ্চয়
● পরিবার ⓘ শ্রম

৬০. **ক্ষুদ্র ও কুটির শিল্পে সাধারণত পুঁজির যোগান দেয় কে?** ★★★
ⓚ ব্যাংক ⓛ সরকার
● উদ্যোক্তা ⓘ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা

৬১. **কোন শিল্প দেশের ঐতিহ্য ও গৌরবের প্রতীক?** ★★★
ⓚ ক্ষুদ্র শিল্প ● কুটির শিল্প
ⓖ মাঝারি শিল্প ⓘ বৃহৎ শিল্প

৬২. **সেবামূলক বৃহৎ শিল্পের বিনিয়োগ সীমা কত?** ★★★
ⓚ ৫ কোটির অধিক
ⓛ ১০ কোটির অধিক
● ১৫ কোটির অধিক
ⓘ ২০ কোটির অধিক

৬৩. **কুটির শিল্পে সর্বোচ্চ কতজন জনবল প্রয়োজন?** ★★★
ⓚ ৭ জন ⓛ ৮ জন
ⓖ ৯ জন ● ১০ জন

৬৪. **খদ্দর কোন স্থানের শিল্প?** ★★★
ⓚ যশোর ● কুমিল্লা
ⓖ নোয়াখালী ⓘ সিলেট

৬৫. **স্কুল ব্যাগ, শিকা, কার্পেট কোন শিল্পের অন্তর্গত?** ★★★
ⓚ হস্ত শিল্প ⓛ তাঁত শিল্প
ⓖ বস্ত্র শিল্প ● পাটজাত শিল্প

৬৬. **কোনটি কুটির শিল্প?** ★★★
ⓚ উৎপাদন শিল্প ● মৃৎ শিল্প
ⓖ সেবা শিল্প ⓘ মাঝারি শিল্প

৬৭. **'জামদানি' কোন ধরনের শিল্প?** ★★★
ⓚ হস্ত ⓛ পাটজাত
● তাঁত ও বস্ত্র ⓘ বস্ত্র

৬৮. **ক্ষুদ্র ও কুটির শিল্প বিকাশে প্রয়োজন–** ★★★
i. দক্ষ জনশক্তির প্রাপ্যতা
ii. স্বল্প মজুরিতে শ্রমিকের প্রাপ্যতা

PARTHIB BOOKS

iii. পূর্ব অভিজ্ঞতা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii　　ⓘ খ i ও iii

গ ii ও iii　　ঘ i, ii ও iii

৬৯. **স্থানীয় চাহিদার ওপর ভিত্তি করে গড়ে ওঠে–** ★★★

i. ক্ষুদ্র শিল্প

ii. কুটির শিল্প

iii. মাঝারি শিল্প

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　খ i ও iii

গ ii ও iii　　● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নের উত্তর দাও :**

জনাব সাদিক তার পরিবারের সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শোপিস তৈরি করে তার দোকানে বিক্রি করেন এবং বেশ লাভবান হন। জনাব সাদিকের প্রতিবেশীরাও উৎসাহিত হয়ে এ ধরনের শিল্প গড়ে তুলেছেন।

৭০. **জনাব সাদিকের শিল্প কোন ধরনের?** ★★

ক ক্ষুদ্র শিল্প　　● কুটির শিল্প

গ মাঝারি শিল্প　　ঘ বৃহৎ শিল্প

৭১. **জনাব সাদিক তার কাজের মাধ্যমে দেশের অর্থনীতিতে অবদান রাখবে–** ★★

i. কর্মসংস্থান তৈরিতে

ii. জীবনযাত্রার মান উন্নয়নে

iii. দেশীয় ঐতিহ্য রক্ষায়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　　খ i ও iii

গ ii ও iii　　● i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** স্বামী, চার মেয়ে ও দুই ননদ নিয়ে মিসেস শাহানার সংসার। স্বামী একটি চাকরি করলেও তার সংসার ভালোভাবে চলছিল না। তাই শাহানা নিজেই নকশী কাঁথা তৈরি করে স্থানীয়ভাবে বিক্রয় শুরু করে। এতে তার ভালো মুনাফা হওয়ায় তিনি তার মেয়ে ও ননদদেরকেও এ কাজে নিয়োজিত করেন এবং শহরে দুটি বুটিক শপ খোলেন। এতে তার বেশ আর্থিক উন্নতি হয়। অল্প সময়ের মধ্যেই তার এলাকাটি 'নকশী কাঁথার গ্রাম' হিসেবে পরিচিতি লাভ করে। ★★★

ক. কোনটিকে উৎপাদনের বাহন বলা হয়?

PATHIB BOOKS

খ. শিল্প স্থাপন ও উৎপাদন কাজ অব্যাহত রাখার জন্য কোনটি আবশ্যক?

গ. মিসেস শাহানার ব্যবসায় কোন ধরনের শিল্পের অর্ন্তগত? ব্যাখ্যা কর।

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে মিসেস শাহানাদের মতো উদ্যোক্তার ভূমিকা মূল্যায়ন কর।

**প্রশ্ন ২** নয়ন ও চয়ন ৭ বছর যাবৎ বিদেশে কাজ করেছেন। বর্তমানে তারা দেশে এসে কোনো কিছু করার সিদ্ধান্ত গ্রহণ করেন। চয়ন দেখল তার এলাকার তাঁত শিল্পের বেশ জনপ্রিয়তা রয়েছে। তাই সে একটি তাঁত শিল্প স্থাপনের উদ্যোগ নিল। অপরদিকে তার বন্ধু নয়ন তার গ্রামের ছেলেমেয়েদের পড়াশোনার কথা চিন্তা করে একটি বিদ্যালয় স্থাপনের কথা চিন্তা করেন। ★★★

ক. জাতায় আয়ের কত ভাগ শিল্প খাত থেকে আসে?

খ. সম্পদের সঠিক ব্যবহার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ. জনাব নয়নের বিদ্যালয় স্থাপন কোন ধরনের চিন্তা? বর্ণনা কর।

ঘ. চয়নের উদ্যোগটি দেশের আর্থসামাজিক উন্নয়নে কিরূপ ভূমিকা রাখবে? ব্যাখ্যা কর।

**প্রশ্ন ৩** শ্রাবন্তী সিলেটে বাস করেন। তিনি পরিবারের সদস্য ও কয়েকজন অভিজ্ঞ মহিলা কর্মী নিয়ে স্থানীয় কাঁচামাল ব্যবহার করে 'অঙ্গনা কারুপণ্য' নামে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য দেশি ও বিদেশি রুচিশীল ক্রেতাদের নিকট বিক্রয় করেন। ★★★

ক. রূপগত উপযোগ সৃষ্টি করে কোনটি?

খ. শিল্প বলতে কী বোঝায়?

গ. শ্রাবন্তীর প্রতিষ্ঠানটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর।

ঘ. শ্রাবন্তী আর্থসামাজিক উন্নয়নে কীভাবে ভূমিকা রাখছেন? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৪** নরেন তার দুই ছেলেকে নিয়ে চানাচুর, জ্যাম, জেলি, রসগোল্লা, দধি তৈরি করে স্থানীয় বাজারে বিক্রয় করে বেশ ভালোই মুনাফা অর্জন করেছে। তার কাজটি দেখে প্রতিবেশী অশোক উদ্বুদ্ধ হয়ে তিনিও অনুরূপ আর একটি কারখানা স্থাপন করলেন। ★★

ক. ক্ষুদ্র ও কুটির শিল্প কী ধরনের কাঁচামাল দ্বারা পরিচালিত হয়?

খ. ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে অন্যতম বিবেচ্য বিষয়টি লেখ।

গ. নরেনের কাজটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর।

ঘ. 'বাংলাদেশের প্রেক্ষাপটে নরেন ও অশোকের গঠিত শিল্পের ভূমিকা অনস্বীকার্য'– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর।

**প্রশ্ন ৫** তাহানী ও তার পরিবারের সদস্যরা মিলে একটি বুটিক শপ স্থাপন করে। তার বন্ধু একই সময় অপর আরেকটি বুটিক শপ স্থাপন করলেন। সামঞ্জস্যপূর্ণ মূল্য তালিকা ও গ্রাহক সন্তুষ্টির দিকে তাহানী বুটিক বেশি গুরুত্ব দেওয়ায় তার প্রতিষ্ঠানটি উত্তরোত্তর উন্নতি করছে। ★★★

PATHIB BOOKS

ক. বিনিয়োগের মাপকাঠিতে শিল্পকে কয় ভাগে ভাগ করা হয়েছে?
খ. সেবা শিল্প বলতে কী বোঝ?
গ. তাহানীর শিল্পটি কোন ধরনের? বর্ণনা কর।
ঘ. তাহানী ও তার বন্ধুর স্থাপিত শিল্পের মাধ্যমে দেশের অর্থনীতির চাকা গতিশীল হবে— মূল্যায়ন কর।

**প্রশ্ন ৬** জনাব মামুন কুষ্টিয়া জেলার কুমারখালীতে একটি হোসিয়ারি শিল্প স্থাপন করেন যেখানে জমি ও কারখানা ভবন ব্যতীত খরচ হয় ১৫ কোটি টাকা। সেখানে ৩টি শিফট চালু রয়েছে। প্রতিটি শিফটে ৫০ জন শ্রমিক কাজ করে। এখানে শ্রমিকরা কাজ করে নিজেদেরকে স্বাবলম্বী করে তুলছে অন্যদিকে জনাব মামুন আরও একটি শিল্প স্থাপনের পরিকল্পনা নিয়েছেন। ★★★
ক. খণ্ডকালীন উৎপাদন ইউনিট কোনটি?
খ. ঝিনুক শিল্পে উৎপাদিত দ্রব্যগুলো কী? ব্যাখ্যা কর।
গ. জনাব মামুনের শিল্পটি কোন ধরনের? বর্ণনা কর।
ঘ. জনাব মামুনের শিল্পটি কর্মসংস্থান সৃষ্টি করে কীভাবে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৭** বিপুল ঘোষ ঢাকার অদূরে নারায়ণগঞ্জে একটি সিমেন্ট কারখানা গড়ে তুলেছেন। নারায়ণগঞ্জ নদীবন্দর হওয়াতে এখানে সিলেট থেকে সহজেই পাথর নদীপথে সরবরাহ করা যায়। এখানে উৎপাদিত সিমেন্ট সারাদেশে সরবরাহ করা হয়। শুরুতে বিপুল ঘোষ তেমন সুবিধা করতে না পারলেও বর্তমানে তার মুনাফা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বিপুল ঘোষ সরকারি ও বেসরকারি পৃষ্ঠপোষকতায় তার ব্যবসায়ের সম্প্রসারণ করছেন। তিনি মনে করেন শিল্পের বিকাশই অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে। ★★★
ক. সিমেন্ট তৈরির কাঁচামাল কী?
খ. শিল্পকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী?
গ. কীভাবে শিল্পের বিকাশ অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে? বর্ণনা কর।
ঘ. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে এ ধরনের শিল্পের কতটুকু সুফল বয়ে নিয়ে আসতে পারে। তোমার মতামত দাও।

**প্রশ্ন ৮** মি. আতিক বিসিকের সহযোগিতায় ক্ষুদ্র মূলধন নিয়ে পোশাক তৈরির একটি ক্ষুদ্র শিল্প গড়ে তুলেছেন। এতে বেশ কিছু সংখ্যক লোকের কর্মসংস্থান হয়েছে। ★★★
ক. বৃহৎ শিল্পে মূলধনের পরিমাণ কত?
খ. ক্ষুদ্র ও কুটির শিল্পের দুটি পার্থক্য লেখ।
গ. বেকারত্ব দূরীকরণে আতিকের ক্ষুদ্র শিল্পের ভূমিকা ব্যাখ্যা কর।
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে আতিকের ক্ষুদ্র শিল্পের অবদান মূল্যায়ন কর।

PARTHIB BOOKS

## জ্ঞানমূলক

১. শিল্পের প্রধান উদ্দেশ্য কী? ★★★

উত্তর : অর্থনৈতিক উন্নয়ন বৃদ্ধিই শিল্পের প্রধান উদ্দেশ্য।

২. সার শিল্প কোন শিল্পের উদাহরণ? ★★★

উত্তর : সার শিল্প উৎপাদনমুখী শিল্পের উদাহরণ।

৩. হর্টিকালচার কোন শিল্পের অন্তর্ভুক্ত? ★★★

উত্তর : হর্টিকালচার সেবামূলক শিল্পের অন্তর্ভুক্ত।

৪. শিল্প কী? ★★★

উত্তর : ব্যাপক মূলধন সামগ্রী ব্যবহার করে কারখানাতে কাঁচামাল বা প্রাথমিক দ্রব্যকে মাধ্যমিক বা চূড়ান্ত দ্রব্যে রূপান্তর করার প্রক্রিয়াই হলো শিল্প।

৫. নির্দিষ্ট দ্রবের কারখানাসমূহকে একত্রে কী বলে? ★★★

উত্তর : নির্দিষ্ট দ্রবের কারখানাসমূহকে একত্রে শিল্প বলে।

৬. বাংলাদেশের অর্থনীতিতে কোনটির ভূমিকা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে? ★★★

উত্তর : বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের ভূমিকা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে।

৭. পরিবারের সদস্যদের প্রাধান্য দেয়া হয় কোন শিল্পে? ★★★

উত্তর : পরিবারের সদস্যদের প্রাধান্য দেয়া হয় কুটির শিল্পে।

৮. পূর্ণকালীন ও খন্ডকালীন উৎপাদনে জড়িত থাকে কোন শিল্প? ★★★

উত্তর : পূর্ণকালীন ও খন্ডকালীন উৎপাদনে জড়িত থাকে কুটির শিল্প।

৯. কুটির শিল্পের ক্ষেত্রে সর্বোচ্চ জনবল কত? ★★★

উত্তর : কুটির শিল্পের ক্ষেত্রে সর্বোচ্চ জনবল হলো ১০ জন।

১০. বাঁশ ও বেত শিল্প কোন শিল্পের অন্তর্ভুক্ত? ★★★

উত্তর : বাঁশ ও বেত শিল্প কুটির শিল্পের অন্তর্ভুক্ত।

১১. গ্রামীণ মহিলাদের বেকারত্ব দূরীকরণ করেছে কোন শিল্প? ★★★

উত্তর : গ্রামীণ মহিলাদের বেকারত্ব দূরীকরণ করেছে ক্ষুদ্র ও কুটির শিল্প।

১২. কুটির শিল্প প্রধানত কী ভিত্তিক? ★★★

উত্তর : কুটির শিল্প প্রধানত পরিবারভিত্তিক।

## অনুধাবনমূলক

১. ক্ষুদ্র ও কুটির শিল্প কীভাবে দেশের সুষম উন্নয়ন ঘটায়? ★★★

২. শিল্পনীতি বলতে কী বোঝায়? ★★★

৩. জাতীয় ঐতিহ্য বলতে কী বোঝায়? ★★★

৪. ক্ষুদ্র ও কুটির শিল্পের মধ্যে কোনটি সহজেই গড়ে তোলা যায়? ★★★

৫. বাংলাদেশ শিল্পে অনগ্রসর কেন? ★★★

৬. মৃৎ শিল্প বলতে কী বোঝায়? ★★★

PARTHIB BOOKS

# অষ্টম অধ্যায়

# ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **পূর্বনির্ধারিত নির্দিষ্ট লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে অন্যদের দ্বারা কাজ করিয়ে নেওয়াকে কী বলে?** [ঢাকা বোর্ড ২০২১] ★★★

ক পরিকল্পনা | খ সংগঠন
গ নিয়ন্ত্রণ | ● ব্যবস্থাপনা

